

শিক্ষা

ঈশ্বরগঞ্জ শিক্ষা ব্যবস্থা

ময়মনসিংহ জেলার একটি উপজেলা ঈশ্বরগঞ্জ। এই উপজেলার শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে রয়েছে ২টি মহাবিদ্যালয়, ১৬টি উচ্চ বিদ্যালয়, ২টি বালিকা বিদ্যালয়, ৬টি নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, ৯০টি সরকারী প্রাথমিক বিদ্যালয়, ১২টি বেসরকারী প্রাথমিক বিদ্যালয়, ১২টি সিনিয়র মাদ্রাসা, ৪টি জুনিয়র মাদ্রাসা ও ৫০টি ফোরকানিয়া মাদ্রাসা এবং বেশ কয়েকটি এতিমখানা। উপজেলার কলেজ দুটিতে উচ্চ মাধ্যমিক পর্যায়ে বিজ্ঞান, বাণিজ্য ও মানবিক বিভাগ চালু আছে। স্নাতক পর্যায়ে বিএ, বিকম পড়ার সুযোগ আছে। কিন্তু বিজ্ঞানাগারের সীমাবদ্ধতা, আর্থিক সংকট ও অধ্যাপকের অভাবে

বিএসসি ক্লাস চালু করা সম্ভব হয়নি। ঈশ্বরগঞ্জে কোন মহিলা কলেজ নেই। এ জন্য মহিলা শিক্ষা ব্যাহত হচ্ছে। কাজেই মহিলা কলেজের প্রয়োজন রয়েছে। প্রাথমিক বিদ্যালয়গুলোতে নানা সমস্যা থাকতে বিদ্যালয় ও এলাকাবাসী এক অনিশ্চিত ভবিষ্যতের দিকে এগিয়ে যাচ্ছে। উপজেলার বেশ কয়েকটি প্রাথমিক বিদ্যালয়ের অবস্থা জরাজীর্ণ। এ ছাড়াও চেয়ার, টেবিল, বেঞ্চ ব্লাক বোর্ড ও অন্যান্য শিক্ষা সামগ্রীর অভাব রয়েছে। অধিকাংশ বিদ্যালয়ে খাবার পানি, প্রশ্রাবখানা, পায়খানা ইত্যাদির ব্যবস্থা নেই। এ ছাড়াও প্রাথমিক বিদ্যালয়ের সমস্যার অন্ত নেই। উপজেলার অধিকাংশ মাধ্যমিক বিদ্যালয় আর্থিক সমস্যায় জর্জরিত। সংস্কারের অভাবে কিছু বিদ্যালয়ের

অবস্থা প্রাথমিক বিদ্যালয়ের গৃহ সমস্যার মত। ঈশ্বরগঞ্জ উপজেলার সবচেয়ে অবহেলিত ও জরাজীর্ণ অবস্থায় রয়েছে মাদ্রাসা শিক্ষা। এই উপজেলায় কোন কামিল মাদ্রাসা নেই। যার ফলে এলাকার কামিল পরীক্ষার্থীদের দূর-দূরান্তে কোথাও যেতে হয়। এ জন্য অনেকেই দেখা যায় আর্থিক সংকটের জন্য ফাজিল পর্যন্তই শিক্ষা জীবনের সমাপ্তি ঘটে। কাজেই ঈশ্বরগঞ্জ উপজেলায় একটি কামিল মাদ্রাসা স্থাপন করা খুবই প্রয়োজন। উপজেলার মাদ্রাসাগুলোতে এখন পর্যন্ত কোন বিজ্ঞান বিভাগ চালু হয়নি। ফলে অনেক বিজ্ঞান শিক্ষার্থী বিপাকে পড়েছে। তাই অনেকে আবার বিজ্ঞান শিক্ষার জন্য কাতলাসেন, দুর্বাটি ও ঢাকা আলিয়া মাদ্রাসায় যান। কাজেই

উপজেলার কয়েকটি মাদ্রাসাতে বিজ্ঞান বিভাগ চালু করা একান্ত প্রয়োজন। ঈশ্বরগঞ্জ উপজেলায় এসএসসি ও এইচএসসি পরীক্ষার পরীক্ষা কেন্দ্র থাকলেও মাদ্রাসার দাখিল, ফাজিল ও আলিমের কোন পরীক্ষা কেন্দ্র নেই। স্কুলের পঞ্চম শ্রেণীর বৃত্তি পরীক্ষা কেন্দ্র আছে। কিন্তু স্কুলের ৮ম শ্রেণী ও মাদ্রাসার পঞ্চম এবং অষ্টম শ্রেণীর কোন বৃত্তি পরীক্ষা কেন্দ্র নেই। এখানকার কলেজ দুটিতে ডিগ্রী পরীক্ষার জন্য পরীক্ষা কেন্দ্র নেই। ঈশ্বরগঞ্জে কোন মহিলা মাদ্রাসা নেই, তাই মহিলা মাদ্রাসার প্রয়োজন রয়েছে এখানে। উপরে উল্লেখিত সমস্যাগুলোর আশু সমাধান ঈশ্বরগঞ্জ শিক্ষা ক্ষেত্রে আরো এগিয়ে যেতে সক্ষম হবে।
আলমগীর মোঃ আদিল (বাকু)